

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬৮(আগরতলা, ১৬।৫)
সাপ্তাহিক, ১৬ মে, ২০১৮

রূপাইছড়ি ব্লকে ৫টি উপস্বাস্থ্য কেন্দ্র

রূপাইছড়ি ব্লকের উদ্যোগে স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে বহুমুখী এলাকা উন্নয়ন কর্মসূচীতে ব্লক এলাকার ৫টি এ ডি সি ভিলেজে ৫টি উপস্বাস্থ্য কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। ইতিমধ্যে পশ্চিম লুখুয়া, চালিতাবনকুল, দক্ষিণ মনুবনকুল, ও মাগরুম এ ডি সি ভিলেজে পাকা উপস্বাস্থ্য কেন্দ্র নির্মাণের কাজ শেষ হয়েছে। রূপাইছড়ি এ ডি সি ভিলেজের আক্যজয় পাড়ায় নির্মাণ কাজ চলছে। ৫টি উপস্বাস্থ্য কেন্দ্র নির্মাণে ব্যয় হবে ৭৫ লক্ষ টাকা। এছাড়াও রূপাইছড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পরিকাঠামোর উন্নয়নে নতুন পাকা ভবন নির্মাণ করা হয়েছে। এ কাজে ব্যয় হয়েছে ৩০ লক্ষ টাকা। রূপাইছড়ি ব্লকের বি ডি ও তাপস কুমার সিনহা এই তথ্য জানান।
